

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা-১৩৪১

স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.২০৬.৯৯.০০১.২০-২১৬৭

তারিখ: ০৮/০৬/২০২২

বিষয়ঃ গত ২৪/০৫/২০২২খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আজহারুল আমিন অতিরিক্ত পরিচালক, বিএলআরআই, সাভার, ঢাকা।
সভার তারিখ	২৪/০৫/২০২২ খ্রিঃ
সভার সময়	বেলা ১০:০০ ঘটিকা
স্থান	প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষ (দ্বিতীয় তলা)
উপস্থিতি	উপস্থিতি তালিকা অনুযায়ী

গত ২৪/০৫/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১০:০০ ঘটিকায় বিএলআরআই-এর অতিরিক্ত পরিচালক মোঃ আজহারুল আমিন-এর সভাপতিত্বে ইনস্টিটিউটের প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে (দ্বিতীয় তলা) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা উপস্থিতির তালিকা-এ সংযুক্ত করা হলো।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে জনাব দেবজ্যোতি ঘোষ, তথ্য কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং আঞ্চলিক কেন্দ্রসমূহ হতে প্রাপ্ত খসড়া সিটিজেন চার্টার সম্পর্কে সভার সদস্যগণকে অবহিত করেন এরপর সভার অন্যান্য আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করা হয় এবং সভায় উপস্থিত সদস্যগণ নিজেদের পরামর্শ ব্যক্ত করেন। সভাপতি মহোদয় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে সিটিজেন চার্টার সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সঠিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য দিক-নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন।

সভায় নিম্নোক্ত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় –

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	আঞ্চলিক কেন্দ্রসমূহ হতে প্রাপ্ত খসড়া সিটিজেন চার্টারসমূহ প্রয়োজনীয় সংশোধন সম্পাদন করে একটি অভিন্ন ফরম্যাটে প্রণয়ন ও পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
০২	ইনস্টিটিউটের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-এ উল্লেখিত বিভিন্ন সেবা হতে 'স্বল্পমূল্যে' শব্দটি বাদ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
০৩	উন্নত জাতের দেশি মুরগি এবং বিএলআরআই উদ্ভাবিত মুরগির বাচ্চা ও হ্যাচিং ডিম বিতরণ সেবাটির পরিবর্তে 'উন্নত জাতের দেশি মুরগি, বিএলআরআই উদ্ভাবিত মুরগি, হাঁস এবং কোয়েলের বাচ্চা ও হ্যাচিং ডিম বিতরণ' সেবাটি সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
০৪	বিভিন্ন সেবার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম সংশোধনপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
০৫	জুন মাসের প্রথম সপ্তাহে এপিএ অনুসারে ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত নাগরিক সেবাসমূহ নিয়ে একটি গণশুনানী আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	এপিএ মূল্যায়ন কমিটি এবং সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
০৬	জুন মাসের তৃতীয় সপ্তাহের মধ্যে সেবা প্রদান বিষয়ে অংশীজনদের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা আয়োজনের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি



আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ অজিহানুল আমিন)

অতিরিক্ত পরিচালক

ফোনঃ ০২২২৪৪৯১৬৭৩

ই-মেইলঃ infoblri@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৩) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৪) পিএ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা-১৩৪১

www.blri.gov.bd

২৪/০৫/২০২২ তারিখে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার উপস্থিতি তালিকা –

সভাপতিঃ মোঃ আজহারুল আমিন

অতিরিক্ত পরিচালক

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।

ক্রমিক নং	নাম, পদবী ও বিভাগ	স্বাক্ষর
০১	ড. সোহাগ রুসুল হক নির্বাহী, বায়োইকোলজি বিভাগ, বিএনআরআই সাভার, ঢাকা।	Feb 28/5/22
০২	মোঃ রেজওয়ান হুসেইন এমডিএডি, প্রকল্প পরিচালক ও প্রকল্প পরিচালক বিভাগ	28/05/2022
০৩	দেবাঙ্গলি হোস অ্যাড বস্তুগত, বিএনআরআই	দেবাঙ্গলি 28/05/22
০৪		
০৫		
০৬		